# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 04-07-2025** **Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১/ সাউথ ক্যালকাটা ল' কলেজে ছাত্রীর গণধর্ষণের ঘটনার প্রেক্ষিতে, রাজ্যের সব কলেজ-বিশ্ব বিদ্যালয়ের স্টুডেন্ট ইউনিয়ন রুম বন্ধ রাখতে উচ্চশিক্ষা দপ্তরকে নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।

২) তৃণমূল কংগ্রেসকে রাজ্যের ক্ষমতা থেকে সরানোর জন্য বিজেপি-র সকলস্তরের কর্মী – সমর্থককে একযোগে লড়াই করার আহ্বান জানিয়েছেন, নব নির্বাচিত রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য।

৩) বাংলাভাষী পরিযায়ী শ্রমিকদের 'অনুপ্রবেশকারী' অভিযোগে আটকে রাখার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে রাজ্য সরকার, প্রতিবেশী ওড়িশা সরকারকে চিঠি দিয়েছে।

৪) যোগ্যদের চাকরিতে ফেরানো এবং অযোগ্যদের বরখাস্ত করার দাবিতে আগামী ১৪-ই জুলাই নবান্ন অভিযান করবে যোগ্য শিক্ষক-শিক্ষিকা অধিকার মঞ্চ।

৫) ঘূর্ণাবর্ত এবং নিম্নচাপের জেরে আগামী পাঁচদিন রাজ্যের সব জেলাতেই বৃষ্টির সম্ভাবনা।

oooooooooooooooooooooooo

সাউথ ক্যালকাটা ল’ কলেজে ছাত্রীর গণ ধর্ষণের ঘটনার পর রাজ্যের সব কলেজ-বিশ্ব বিদ্যালয়ের স্টুডেন্ট ইউনিয়ন রুম বন্ধ রাখতে উচ্চ শিক্ষা দপ্তরকে নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।

বিচারপতি সৌমেন সেন ও বিচারপতি স্মিতা দাস দে-র ডিভিশন বেঞ্চের নির্দেশ, কলেজ কর্তৃপক্ষ এব্যাপারে নজরদারি চালাবে। কোনো রকম বিনোদনের জন্য ওই ঘর ব্যবহার করা যাবে না। জরুরি কোনো প্রয়োজন হলে বিশ্ব বিদ্যালয়ের রেজিস্ট্রারের কাছে যথাযথ কারণ জানিয়ে লিখিত আবেদন করতে হবে।

উল্লেখ্য, আইনজীবী সায়ন বন্দ্যোপাধ্যায় রাজ্যের সব কলেজে ইউনিয়ন রুম বন্ধের আবেদন জানিয়ে মামলা দায়ের করেন। এর আগে উচ্চ শিক্ষা দপ্তর আগের একটি মামলায় হলফনামা দিয়ে আদালতে জানায়, রাজ্যের কোনো কলেজে ছাত্র সংসদ নির্বাচন হয়নি এবং স্টুডেন্ট কাউন্সিল’ও নেই। সেক্ষেত্রে কলেজে ইউনিয়ন রুম খোলা থাকার কোনো প্রয়োজন নেই।

অন্য একটি মামলায়, ছাত্র সংসদের নির্বাচন নিয়ে রাজ্যের বক্তব্য জানতে চেয়েছে কলকাতা হাইকোর্ট। আগামী ১৬-ই জুলাই এর মধ্যে হলফনামা দিয়ে নির্বাচনের বিষয়ে রাজ্যের কি অবস্থান তা জানাতে নির্দেশ দেওয়া হয়েছে। ঐ একই বেঞ্চে আগামী ১৭’ই জুলাই ফের শুনানি।

রাজ্যের আইনজীবী সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায় সরকারের অবস্থান জানাতে কিছুটা সময় চেয়ে নেন।

oooooooooooooooooooooooo

ইউনিয়ন রুম বন্ধের এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে বিভিন্ন ছাত্র সংগঠন। ABVP-র রাজ্য সম্পাদক অনিরুদ্ধ সরকার জানিয়েছেন, এই রায় শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে পড়াশোনার পরিবেশ ফিরিয়ে আনতে এক যুগান্তকারী পদক্ষেপ।

SFI-এর রাজ্য সম্পাদক দেবাঞ্জন দে জানিয়েছেন, হাইকোর্টের রায় যাতে সর্বত্র কার্যকর হয়, সেদিকে কড়া নজর রাখতে হবে।

oooooooooooooooooooooooo

রাজ্যের বিভিন্ন সরকার পোষিত কলেজের পরিচালন সমিতির মেয়াদ বাড়ানো হল ৬ মাস। যেসব কলেজের পরিচালন সমিতির মেয়াদ ৩০ শে জুন শেষ হয়েছে, সেগুলির মেয়াদ চলতি বছরের ৩১ ডিসেম্বর পর্যন্ত বাড়ানো হয়েছে বলে উচ্চশিক্ষা দপ্তর বিজ্ঞপ্তি জারি করেছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, কলেজগুলির প্রশাসনিক ব্যবস্থাপনা যাতে সুষ্ঠুভাবে চলতে পারে ও ছাত্র-ছাত্রীদের স্বার্থে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

oooooooooooooooooooooooo

রাজ্য থেকে তৃণমূল কংগ্রেসকে উৎখাত করতে বিজেপির সকল স্তরের কর্মী সমর্থক একযোগে লড়াই করবেন বলে নবনির্বাচিত রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য্য মন্তব্য করেছেন। কলকাতার সায়েন্স সিটিতে দলের রাজ্য সভাপতি নির্বাচনের জন্য নিযুক্ত পর্যবেক্ষক প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী রবিশঙ্কর প্রসাদ গতকাল শমীক ভট্টাচার্য্যের নাম রাজ্য সভাপতি হিসাবে আনুষ্ঠানিকভাবে ঘোষণা করেন। এদিন ভাষণে শমীকবাবু বলেন, বিজেপি সংখ্যালঘু বিরোধী নয়, বরং দল চায় সমস্ত ধর্মীয় অনুষ্ঠান একসঙ্গে পালন করতে।

(বাইট – শমীক)

রাজ্যে তৃণমূল কংগ্রেস সরকারের আমলে সবচেয়ে বেশি মুসলমানরাই ক্ষতিগ্রস্ত হয়েছেন বলে তিনি উল্লেখ করেন। পাশাপাশি 'নো ভোট টু বিজেপি' স্লোগানের আড়ালে তৃণমূল কংগ্রেসকেই ক্ষমতায় ফিরিয়ে আনার চক্রান্ত বিজেপি সফল হতে দেবে না বলেও জানিয়েছেন নতুন রাজ্য সভাপতি।

এর আগে কেন্দ্রীয় মন্ত্রী রবিশঙ্কর প্রসাদ অভিযোগ করেন, দেশ ক্রমশঃ উন্নতির দিকে এগিয়ে গেলেও, রাজ্যে মমতা ব্যানার্জীর শাসনকালে পশ্চিমবঙ্গ পিছিয়ে পড়েছে। মুখ্যমন্ত্রী নিজে লড়াকু নেত্রী হলেও, তাঁর আমলে মহিলারা সুরক্ষিত নয়। মালদা, মুর্শিদাবাদ, সন্দেশখালির ঘটনা উল্লেখ করে শ্রী প্রসাদ বলেন, অনুপ্রবেশ, সাম্প্রদায়িক বিভাজন ও ভোট ব্যাঙ্কের রাজনীতির কারণে সাধারণ মানুষের ওপর আক্রমণ চলছে।

প্রাক্তন রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেন, শমীক ভট্টাচার্যের নেতৃত্বেই ২০২৬ সালের বিধানসভা নির্বাচনে বিজেপি লড়াই করবে।

oooooooooooooooooooooo

জীবিকার জন্যে রাজ্য থেকে কাজে যাওয়া অনেক বাংলাভাষী পরিযায়ী শ্রমিকদের বাংলাদেশী অনুপ্রবেশকারী অভিযোগে আটকে রেখে তাদের হেনস্থা করার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে রাজ্য সরকার, প্রতিবেশী ওড়িশা সরকারকে চিঠি দিয়েছে। ওড়িশার মুখ্যসচিব মনোজ আহুজাকে লেখা চিঠিতে এরাজ্যের মুখ্যসচিব মনোজ পন্থ অভিযোগ করেন, কোন আইনি প্রক্রিয়া ছাড়াই রাজ্যের উপকূলবর্তী পারাদ্বীপ, জগদীশপুর, কেন্দ্রাপাড়া, ভদ্রক, মালকানগিরি জেলায় বাংলার পরিযায়ী শ্রমিকদের আটকে রাখা হচ্ছে। অনৈতিকভাবে জমির পৈতৃক রেকর্ড চাওয়া হচ্ছে বলেও রাজ্য সরকারের দাবী। দেশের নাগরিকদের সুরক্ষা ও মর্যাদা দেওয়ার ক্ষেত্রে সংবেদনশীল এই বিষয়টিতে হস্তক্ষেপ করার জন্যে রাজ্য সরকারের তরফে ওড়িশা সরকারকে আবেদন জানানো হয়েছে। এই ক্ষেত্রে রাজ্য সরকার তাদের সঙ্গে সব ধরনের সহযোগিতা করবে বলে জানিয়েছে।

এদিকে, ওড়িশার কটকে কাজে গিয়ে বাংলাদেশী সন্দেহে গত ৮'দিন ধরে আটকে থাকা মালদার হরিশ্চন্দ্রপুরের মশালদহ গ্রাম পঞ্চায়েতের ১৯ জন পরিযায়ী শ্রমিক বাড়ি ফিরেছেন।

ooooooooooooooooooooooooo

রাজ্যপাল ডঃ সি. ভি. আনন্দ বোস গতকাল রাজভবনে দফতরে আচমকা পরিদর্শন করে একাধিক ফাইলের অগ্রগতি পর্যালোচনা করেছেন। বেশ কিছু গুরুত্বপূর্ণ বিষয়ে তাৎক্ষণিক সিদ্ধান্ত নেওয়া হয়। এই পরিদর্শনের সময়, দায়িত্বে গাফিলতির অভিযোগে এক কর্মীকে সাসপেন্ড করা হয়েছে বলে রাজভবন সূত্রে জানা গিয়েছে।

oooooooooooooooooooooooo

মহার্ঘ ভাতা মেটানোর ক্ষেত্রে সুপ্রিম কোর্টের নির্দেশ অমান্য করে রাজ্য সরকার কর্মচারীদের ন্যায্য অধিকারকে উপেক্ষা করছে বলে রাজ্য কো- অর্ডিনেশন কমিটি জানিয়েছে। এর প্রতিবাদে আজ কো- অর্ডিনেশন কমিটি দু ঘন্টার 'পেন ডাউন' কর্মসূচী পালন করবে। সংগ্রামী যৌথ মঞ্চ এতে সমর্থন দিয়েছে। গত মঙ্গলবার কলকাতায় সাংবাদিক সম্মেলনে সংগ্রামী যৌথ মঞ্চের আহ্বায়ক ভাস্কর ঘোষ একথা ঘোষণা করেন। আগামী ৯ জুলাই প্রস্তাবিত ধর্মঘটকেও সমর্থন জানানোর কথা বলেন ভাস্করবাবু। কনফেডারেশন অফ স্টেট গভর্নমেন্ট এমপ্লয়িজ INTUC, এবং পশ্চিমবঙ্গ সরকারী কর্মচারী ইউনিয়ন পেন ডাউন কর্মসূচীকে সমর্থন জানিয়েছে।

এদিকে, চাকরি প্রার্থীদের দ্রুত নিয়োগ, অস্থায়ী কর্মীদের স্থায়ীকরণ, চাকরি হারাদের চাকরি ফেরত, ছাত্রীর গণ ধর্ষণে জড়িত দোষীদের কঠোর শাস্তি সহ একাধিক দাবিতে সংগ্রামী যৌথ মঞ্চের তরফে আগামী ২৮-শে জুলাই যে নবান্ন অভিযান কর্মসূচির ডাক দেওয়া হয়েছে যৌথ মঞ্চ তাকে নৈতিক সমর্থন জানিয়েছে।

oooooooooooooooooooooooo

তৃণমূল কংগ্রেসের রাজ্যসভার প্রাক্তন সাংসদ শান্তনু সেনের ডাক্তারির লাইসেন্স ২ বছরের জন্য সাসপেন্ড করল রাজ্য মেডিকেল কাউন্সিল। কাউন্সিলে নথিভুক্ত নয়, এমন বিদেশী ডিগ্রী ব্যবহারের অভিযোগ উঠেছে তাঁর বিরুদ্ধে। গত বৃহস্পতিবার

নিজের অবস্থান স্পষ্ট করার জন্য শান্তনু সেনকে ডেকেছিল রাজ্য মেডিকেল কাউন্সিল। সেখানেই দোষী সাব্যস্ত হন তিনি।

এদিকে, রাজ্য মেডিকেল কাউন্সিলের কর্তাদের বিরুদ্ধে ব্যক্তিগত আক্রোশ ও প্রতিহিংসা চরিতার্থ করার অভিযোগ তুলেছেন শান্তনু সেন।

oooooooooooooooooooooooo

২০১৬ সালে প্রাথমিকে ৩২ হাজার চাকরি বাতিল সংক্রান্ত মামলায় গতকাল শুরু হয়েছে কর্মরত শিক্ষকদের তরফে সওয়াল পর্ব। আইনজীবীদের যুক্তি, প্রায় ৪৩ হাজার শূন্য পদে প্রাথমিক শিক্ষা পর্ষদ যোগ্যতার ভিত্তিতেই নিয়োগ করেছে। শূন্য পদের বাইরে কোনো নিয়োগ করা হয়নি।

নিয়োগে ক্ষেত্রে রুল নাম্বার সেভেন মানা হয়নি বলে মামলাকারিরা যে অভিযোগ তুলেছিল, তার বিরুদ্ধে শিক্ষকদের পক্ষ থেকে জানানো হয়, প্রথমিক শিক্ষা পর্ষদ এই রুলের সংশোধন করেছে মাত্র। ইন্টারভিউ বোর্ডের পাশাপাশি একটি সিলেকশন কমিটি তৈরী করা যাবে বলে রুলেই জানানো হয়। আগামী ৭'ই জুলাই শিক্ষকদের পক্ষের আইনজীবি ফের তাঁর বক্তব্য পেশ করবেন। ঐদিন'ই মামলার পরবর্তী শুনানি।

oooooooooooooooooooooooo

যোগ্যদের চাকরি ফেরানো, ২২ লক্ষ OMR শিটের মিরর ইমেজ প্রকাশ, অযোগ্যদের বরখাস্ত করার দাবিতে জোরালো আন্দোলনের কর্মসূচি নিয়েছে 'যোগ্য শিক্ষক শিক্ষিকা অধিকার মঞ্চ'। চাকরিতে পুনর্বহালের দাবিতে আগামী ১৪ ই জুলাই নবান্ন অভিযানের ডাক দিয়েছেন তারা। সংগঠনের আহ্বায়ক মেহবুব মন্ডল গতকাল একথা জানিয়েছেন। সেই সঙ্গে ২১ দিন ধরে চলা অনশন তাঁরা প্রত্যাহার করে নিয়েছেন। তবে বিকাশ ভবনের কাছে অবস্থান কর্মসূচী চলবে।

(বাইট - মেহবুব মণ্ডল)

২১, ২২ ও ২৩ শে জুলাই দিল্লিতে আন্দোলনের ডাক দিয়েছে এই সংগঠন। দিল্লির নাগরিক সমাজের প্রতিনিধিদের সঙ্গে বৈঠকের পরিকল্পনা রয়েছে চাকরিহারা যোগ্য শিক্ষকদের।

oooooooooooooooooooo

২০২৫-২০২৭ শিক্ষাবর্ষে ডি এল এড কোর্সে ভর্তির জন্য আবেদন জানানোর প্রক্রিয়া শুরু হচ্ছে আজ। দুপুর বারোটা থেকে অনলাইনে আবেদন জানাতে পারবেন প্রার্থীরা। প্রাথমিক শিক্ষা পর্ষদ  এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে, উচ্চ মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় ন্যূনতম ৫০ শতাংশ নম্বর থাকতে হবে। তফসিলি জাতি, উপজাতি, অন্যান্য অনগ্রসর শ্রেণি, প্রতিবন্ধী ও প্রাক্তন সেনা কর্মীরা নম্বরে ৫ শতাংশ ছাড় পাবেন। অর্থাৎ তারা উচ্চ মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় তারা ৪৫ শতাংশ নম্বর পেলে ভর্তির জন্য আবেদন করতে পারবেন। ২০ তারিখ পর্যন্ত অনলাইনে আবেদন জানানো যাবে।

ooooooooooooooooooooo

জ্যুলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ার ১১০তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে তিন দিনব্যাপী অ্যানিম্যাল ট্যাক্সোনমি সামিট গতকাল সমাপ্ত হয়েছে। কেন্দ্রীয় বন ও পরিবেশ প্রতিমন্ত্রী কীর্তিবর্ধন এই সমাপ্তি অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। তিনি জ্যুলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ার কাজের প্রশংসা করে বলেন, এই সংস্থা বছরের পর বছর দেশে এক লক্ষ পাঁচ হাজারেরও বেশি প্রজাতির প্রাণীর নথিভুক্তকরণ এবং একটি সংরক্ষণাগার তৈরি করেছে। প্রধানমন্ত্রীর নেতৃত্বে ভারত বিশ্বব্যাপী জীব বৈচিত্রের প্রচেষ্টাকে রূপদানকারী হিসেবে গড়ে উঠেছে বলেও জানান তিনি।

oooooooooooooooooooooo

সমুদ্রে দু মাস মাছ ধরা বন্ধ থাকার সময় মৎস্যজীবী পরিবার পিছু রাজ্য সরকারের মাসিক পাঁচ হাজার টাকা করে সহায়তা দেওয়ার কথা থাকলেও

মৎস্যজীবীরা তা পাচ্ছেন না এই অভিযোগ তুলেছে দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম। সমুদ্রসাথী নামে ওই প্রকল্প ২০২৪-২৫ অর্থবর্ষ থেকে চালু হওয়ার কথা ছিল। সামুদ্রিক মৎস্যজীবীদের সঞ্চয় ও ত্রাণ প্রকল্পের আওতায় ৩০০০ টাকা করে প্রতিমাসে দেওয়ার কথা থাকলেও তা ২০১৫ সাল থেকে বন্ধ হয়ে যায়। রাজ্যের মৎস্য মন্ত্রী বিপ্লব রায় চৌধুরী এবিষয়ে আকাশবাণীকে জানিয়েছেন যে, এই প্রকল্পে বহু নাম নথিভুক্ত হয়েছে, সেগুলি খতিয়ে দেখে শীঘ্রই আর্থিক সহায়তা প্রদান করা হবে।

oooooooooooooooooooooo

ঘুর্নাবর্ত এবং নিম্নচাপের জেরে আগামী ৫ দিন রাজ্যের সব জেলাতেই বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় বলেন, ৮ তারিখ থেকে উত্তর বঙ্গের জেলাগুলিতে বাড়বে বৃষ্টির পরিমাণ।

(বাইট – আবহাওয়া)

ooooooooooooooooooooooooooooo

কলকাতা প্রিমিয়ার লিগ ফুটবলে ইস্টবেঙ্গল , আজ সুরুচি সংঘের বিরুদ্ধে খেলবে। নৈহাটি স্টেডিয়ামে খেলা শুরু হবে বিকেল পাঁচটায়। ব্যারাকপুর স্টেডিয়ামে বিকেল তিনটেয় অন্য ম্যাচে মহামেডান স্পোর্টিং, ক্যালকাটা পুলিশের মুখোমুখি হবে।

ooooooooooooooooooooooooo